গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
মহাখালী, ঢাকা-১২১২।

ফোনঃ ০২-২২২২৬২৩৬৭, ফ্যাক্সঃ ০২-২২২২৯৮৬৭১, ইমেইলঃ iphn.gov@gmail.com

স্মারক নংঃ আইপিএইচএন/ভিটামিন/...১২০১৬ তারিখঃ ২২/০৬/২০২৬ ইং

বরাবর
মহাপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (সমন্বয়), ইসলামিক ফাউন্ডেশন।

**বিষয়ঃ অনুষ্ঠিতব্য জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন-২০২৬ উপলক্ষ্যে আগামী ২৬ জুন শুক্রবার, ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক মসজিদসমূহে জুমার বয়ানে প্রচার ও জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নির্দেশনায় জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনায় আগামী ২৮ জুন ২০২৬, সারদেশে জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে। উক্ত ক্যাম্পেইনের আওতায় ৬-১১ মাস ও ১২-৫৯ মাস বয়সী সকল শিশুদের যথাক্রমে একটি করে নীল ও লাল রঙের ভিটামিন 'এ' প্লাস ক্যাপসুল খাওয়ানো হবে। ভিটামিন 'এ' শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি, রাতকানা রোগ প্রতিরোধ এবং সুস্থ বৃদ্ধি ও বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। উক্ত ক্যাম্পেইন শতভাগ সফল বাস্তবায়নের লক্ষ্যে অভিভাবকদের মধ্যে ব্যাপক সচেতনতা সৃষ্টি অত্যন্ত প্রয়োজন।

এমতাবস্থায়, আগামী ২৬ জুন ২০২৬ (শুক্রবার) সারাদেশের মসজিদসমূহে জুমার খুতবা/বয়ানে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনের গুরুত্ব, শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর প্রয়োজনীয়তা এবং নির্ধারিত কেন্দ্রে শিশুদের উপস্থিতি নিশ্চিতকরণ বিষয়ে সংশ্লিষ্ট সকল ইমাম/খতীব সাহেবগণের মাধ্যমে প্রচার ও অভিভাবকদের উদ্বুদ্ধকরণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ মসজিদের সম্মানিত ইমাম/খতীবদের জন্য বার্তাসমূহ।

২২/০৬/২০২৬
ডাঃ মোহাম্মাদ ইউনুস আলী
পরিচালক
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নংঃ আইপিএইচএন/ভিটামিন/..১২০১৬ তারিখঃ ২২/০৬ ২০২৬ ইং

**অনুলিপি (সদয় অবগতির জন্য প্রেরিত):** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (দৃঃ আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)
২। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)।
৪। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরানবাজার, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)।
৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সকল বিভাগ।
৬। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, সকল বিভাগ।
৭। সিভিল সার্জন, সকল জেলা।
৮। উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, সকল জেলা।
৯। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সকল উপজেলা
১০। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সকল উপজেলা।
১১। চিফ নিউট্রিশন সেকশন, ইউনিসেফ, ঢাকা, বাংলাদেশ।
১২। অফিস কপি।

২২/০৬/২০২৬
পরিচালক
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
মহাখালী, ঢাকা-১২১২।

**<u>মসজিদের সম্মানিত ইমাম/খতীবদের জন্য বার্তা</u>**

নামাজের আগে ও পরে এবং ক্যাম্পেইনের পূর্বের দিন অর্থাৎ শুক্রবার মসজিদের সম্মানীত ইমাম/খতীবদের মাধ্যমে নিম্নবর্ণিত বার্তাসমূহ প্রচারের ব্যবস্থা করতে হবে।

আগামী ২৮ জুন ২০২৬, রোজ রবিবার, সারাদেশে ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে।

<u>ভিটামিন 'এ' ক্যাপসুলঃ</u>

- শিশুর রাতকানা রোগ প্রতিরোধ করে
- শিশুর দেহের স্বাভাবিক বৃদ্ধিতে সহয়তা করে
- রোগ জীবানু সংক্রমনের তীব্রতা হ্রাস করে
- শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় যা শিশুকে ডায়রিয়া, আমাশয়, শ্বাসতন্ত্র ও অন্ত্রের অন্যান্য প্রদাহ থেকে রক্ষা করে

আপনার শিশুকে ২৮ জুন ২০২৬, রোজ রবিবার, সকাল ৮.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত আপনার নিকটস্থ টিকাদান কেন্দ্রে নিয়ে আসুন ও ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ান।

২২/০৫/২০২৬

ডা. মোহাম্মদ ইউনুস আলী
পরিচালক
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
মহাখালী, ঢাকা-১২১২।